ক্ষতির খতিয়ান

আমেরিকা
মোট আক্রান্ত ৪২৬৪৬৮৯
মোট মৃত ১৪৮৬৬৬

ব্রাজিল
মোট আক্রান্ত ২৩৪৮২০০
মোট মৃত ৮৫৩৮৫

রাশিয়া
মোট আক্রান্ত ৮০৬৭২০
মোট মৃত ১৩১৯২

গ্রেট ব্রিটেন
মোট আক্রান্ত ২৯৭৯১৪
মোট মৃত ৪৫৬৭৭

ইতালি
মোট আক্রান্ত ২৪৫৫৯০
মোট মৃত ৩৫০৯৭

স্পেন
মোট আক্রান্ত ৩১৯৫০১
মোট মৃত ২৮৪৩২

ফ্রান্স
মোট আক্রান্ত ১৮০৫২৮
মোট মৃত ৩০১৯২

জার্মানি
মোট আক্রান্ত ২০৬০৫৯
মোট মৃত ৯২০১

ইরান
মোট আক্রান্ত ২৮৮৮৩৯
মোট মৃত ১৫৪৮৪

চিন
মোট আক্রান্ত ৮৩৭৮৪
মোট মৃত ৪৬৪৪

বাংলাদেশ
মোট আক্রান্ত ২২১১৭৮
মোট মৃত ২৮৭৪

শনিবার রাত পর্যন্ত

বিস্ফোরক রহমান

‘আমার বিরুদ্ধে বলিউডের একটা গ্যাং কাজ করছে’

মুম্বই : বিশ্বের সকল সঙ্গীতপ্রিয় মানুষের কাছে তিনি এক নামে পরিচিত। জাতীয় পুরস্কার থেকে অস্কারের মঞ্চ মাতিয়েছে তাঁর সুর। কিন্তু বিখ্যাত সেই সঙ্গীত পরিচালক এ আর রহমানের জীবনে এবার চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে ‘বলিউডি গ্যাং’। বিশ্বখ্যাত সঙ্গীত পরিচালকের মত বলিউডে তাঁর জনপ্রিয়তাকে কমিয়ে দিতে, বলিউডের সিনেমায় তাঁকে কাজ না দেওয়ার নেপথ্যে রয়েছে এই ‘গ্যাং’। সম্প্রতি তাঁকে প্রশ্ন করা হয় যে, এ আর রহমানকে প্রশ্ন করা হয়, কেন তিনি আর সেভাবে বলিউডের জন্য মিউজিক কম্পোজ করেন না ? জবাবে রহমান জানিয়েছেন, ‘‘ আমি কখনই ভাল ছবিতে কাজ করার অফারকে না বলি না । কিন্তু আমার মনে হয় কোনও গ্যাং (দল) রয়েছে । যারা অনেক ভুল বোঝাবুঝি তৈরি করছে। তারাই মিথ্যে গুজব ছড়াচ্ছে ।’’ ‘দিল বেচারা’ ছবি নিয়েও তথ্য শেয়ার করেছেন রহমান । তিনি জানান, ‘‘ ছবির পরিচালক মুকেশ ছাবড়া যখন আমার কাছে আসেন। তখন দু’দিনের মধ্যেই চারটি গান কম্পোজ করে ওকে দিই । মুকেশ তখন আমাকে জানান, স্যর আপনার সম্পর্কে তো অনেকেই অনেক কিছু এতদিন বলেছিলেন। অনেকেই পরামর্শ দিয়েছিলেন আপনার কাছে না যেতে। একাধিক গল্প শুনিয়েছেন তাঁরা আমাকে।’’ এরপর রহমান বলেন, ‘‘ মুকেশের কথা শুনেই বুঝতে পারি, কেন আমার কাছে আর বলিউডের বেশি কাজ আসে না। কোনও এক গোষ্ঠী কাজ করছে। যাদের জন্য হয়তো আমি কাজ বেশি পাচ্ছি না বলিউডে । তবে আমি ঈশ্বরে বিশ্বাসী। আমি অন্য অনেক কাজ করছি। কিন্তু সবাইকে বলছি সুন্দর ছবি বানান এবং আমার কাছে আপনারা সবসময় আসতে পারেন। ’’

গুলিযুদ্ধে হত ২ মাদক কারবারি

নিজস্ব সংবাদদাতা, ঢাকা : টাকার লোভে বড়ই বেপরোয়া মায়ানমার থেকে পালিয়ে বাংলাদেশে এসে আশ্রয় নেওয়া রোহিঙ্গা মাদক কারবারিরা। শুক্রবার পাঁচ মাদক কারবারি গুলিযুদ্ধে নিহত হওয়ার পরেও থেমে নেই তাদের বেআইনি কারবার। মাদকের রাজধানী হিসেবে খ্যাত দেশের পূর্বাঞ্চলীয় জেলা কক্সবাজারের টেকনাফে শনিবার ফের বর্ডার গার্ড বাংলাদেশের সঙ্গে ‘গুলিযুদ্ধে’ দুজন রোহিঙ্গা মাদক কারবারি নিহত হয়। এ ঘটনায় বিজিবির তিনজন সদস্য আহত হয়েছেন। নিহত দুজন হল উখিয়ার কালুখালি রোহিঙ্গা শরণার্থী শিবিরের বাসিন্দা মৃত সৈয়দ আহমদের ছেলে মো. আব্দুস সালাম (৩৫) ও একই শিবিরের মোহাম্মদ হাবিবুল্লাহর ছেলে মোহাম্মদ ফেরদৌস (৩০)। ঘটনাস্থল থেকে ২ লাখ ইয়াবা বড়ি, ১টি অস্ত্র উদ্ধার করা হয়েছে। মায়ানমার থেকে ইয়াবার একটি বড় চালান পাচার হওয়ার গোপন সংবাদ পায় বিজিবি।

চরবৃত্তির দায়ে ৩ চিনা পড়ুয়া এফবিআই হেফাজতে

ওয়াশিংটন: গুপ্তচরবৃত্তির দায়ে চিনের তিন পড়ুয়া ও গবেষককে গ্রেফতার করল আমেরিকার ফেডারেল ব্যুরো অফ ইনভেস্টিগেশন। এফবিআই জানিয়েছে, আমেরিকার ২৫টি শহরে তল্লাশি চালানো হয়েছে। এখনও কয়েকজন চিনা পড়ুয়া এই গুপ্তচর চক্রের মধ্যে জড়িত বলে তাদের হদিশ পেতে তল্লাশি চলছে। একজন চিনা পড়ুয়া গ্রেফতারি এড়াতে সানফ্রানসিসকোয় চিনা কনস্যুলেটে

প্রতি বছর বহু পড়ুয়া, শিক্ষাবিদ, গবেষক মার্কিন মুলুকে আসেন। চিন থেকেও আমেরিকায় আসার ভিসার আবেদনপত্র জমা পড়ে। এদের একটা বড় অংশই হল চিনের সেনাবাহিনীর প্রশিক্ষণপ্রাপ্ত গুপ্তচর।

আশ্রয় নিয়েছে বলে জানা গিয়েছে। আমেরিকার মেধা স্বত্ব চুরি, মেধা সম্পদের ক্ষতি করা, আমেরিকা থেকে স্পর্শকাতর তথ্য চিনে পাচার করা, আমেরিকার প্রভাবশালী প্রতিষ্ঠানগুলির ক্ষতি করার জন্যই এরা কাজ করছিল। চিনের সেনাবাহিনী পিপলস লিবারেশন আর্মির হয়ে এরা বেপরোয়াভাবে গুপ্তচরবৃত্তি করছিল বলে প্রমাণ মিলেছে। ধৃতদের নাম, জিন ওয়াং, হুয়ান তাং, চেন সং, কাইকাই ঝাও। প্রথম জন ওষুধ নিয়ে গবেষণার ছলে গবেষক সেজে ২০১৯ সালে আমেরিকায় আসে। আদতে সে চিনে সেনাবাহিনীর মেজর পদমর্যাদার অফিসার। দ্বিতীয় জন আবহাওয়া বিজ্ঞান নিয়ে গবেষণার ছলে গত বছর ডিসেম্বর আমেরিকায় এসেছিল। আসলে সে চিনা বিমানবাহিনীর অফিসার। সেই প্রমাণ এবং ছবিও এফবিআই পেয়েছে। তৃতীয় জন স্নায়ুবিজ্ঞানী ও গবেষকের ছদ্মবেশে এসেছিল। কিন্তু সে লালফৌজের একজন নিচু পদের অফিসার। তৃতীয় জন পলাতক। তাকে ধরার চেষ্টা চলছে। চতুর্থ জন অর্থাৎ কাইকাই ঝাওকে গ্রেফতার করা হয়েছে নথি এবং পেনড্রাইভ সমেত। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারের ছদ্মবেশে আমেরিকায় এসে সবচেয়ে সক্রিয় ছিল সে। তার অতিসক্রিয়তার কারণেই তার উপর নজর রাখতে সুবিধা হচ্ছিল মার্কিন গোয়েন্দাদের। এও চিনের সেনার গুপ্তচর। এদের নির্দিষ্ট মিশন ছিল। এরা চার পাঁচটি ভাষা জানে। যেভাবে এরা জেরার মুখে ঘন ঘন বয়ান বদলাচ্ছে এবং অভিনয় করছে তাতে এরা যে দুঁদে গুপ্তচর তা বোঝা যাচ্ছে বলে দাবি করেছে এফবিআই।

২১ ওষুধে কাবু করোনা, দাবি

ওয়াশিংটন : মাত্র মাস সাতেক বয়স রোগটার। তাতেও পাওয়া যায়নি কোনও নির্দিষ্ট ওষুধ। জানা যাচ্ছে না, কবে বাজারে আসবে প্রতিষেধক, সেটাও ঠিক মতো জানা যাচ্ছে না। তার মধ্যে একদল মার্কিন গবেষকরা জানাচ্ছেন, রেমডিসিভির, আস্টেমিজল, ক্লোফাজাইমিনের মতো ওষুধকে কাজে লাগালে করোনার চিকিৎসায় ভাল ফল মিলবে বলেই জানিয়েছেন গবেষকরা। সানফোর্ড বার্নহাম প্রিবিস মেডিক্যাল ডিসকভারি ইনস্টিটিউটের অধ্যাপক সুমিত চন্দ জানাচ্ছেন, “করোনায় রেমডিসিভির দিয়ে অনেকেই চিকিৎসা করছেন। কিন্তু সবার ক্ষেত্রে যে কাজ করছে ভালভাবে, সেটা হচ্ছে না। তাই এই ২১ ড্রাগের কথা জানা দরকার ছিল। কোথায় কীভাবে কাজ হচ্ছে, সেটা দেখার প্রয়োজন ছিল। এই গবেষণা সেদিকটাই তুলে ধরেছে।”

মাস্ক এবং পরিচ্ছন্নতাই অস্ত্র, বলছে মার্কিন গবেষণা

মায়ের থেকে সদ্যজাতের সংক্রমণের ঝুঁকি কম

প্রীতিকা দত্ত

অতিমারী কোভিডের ছোবলে না পড়তে হয়, তার জন্য কম বেশি সকলেই ভয়ে কাঁটা। সবচেয়ে বেশি ভয় তাঁদের, যাঁরা সদ্য মা হয়েছেন। চিন্তা শুধু হাসপাতাল থেকে সংক্রমণের জন্য নয়। নিজে সংক্রামিত হওয়ায় পাশাপাশি প্রাণের একরত্তিকে নিরাপদে রাখার চিন্তা। সম্প্রতি বিজ্ঞান পত্রিকা **‘দ্য ল্যানসেট চাইল্ড অ্যান্ড অ্যাডোলেসেন্ট হেলথ’**-এ প্রকাশিত একটি রিপোর্ট কিন্তু মায়েদের আশ্বস্ত করছে। এমনকী, যে মায়েরা ডেলিভারির সময় করোনা আক্রান্ত হয়েছেন, তাঁরাও সার্জিক্যাল মাস্ক পরে সাবান দিয়ে হাত ধুয়ে সন্তানের কাছে যেতে পারেন, জানাচ্ছে প্রকাশিত রিপোর্ট।

ইনস্টিটিউট অফ চাইল্ড হেলথের শিশু বিশেষজ্ঞ ডা. অপূর্ব ঘোষ বলেন, “যেভাবে পুলিশ ও স্বাস্থ্যকর্মীরা এক এক করে আক্রান্ত হচ্ছেন, তাতে ভয় পাওয়াটাই স্বাভাবিক। তবে আশার কথা, শিশুরা কিন্তু অনেকটা নিরাপদ। করোনায় কোনও রক্ষাকবচ কিছু তো কাজ করছেই ওদের মধ্যে। নাহলে বড়দের মতোই মৃত্যুহার থাকত। করোনা আক্রান্ত যাঁরা সদ্য মা হয়েছেন, তাঁরাও পরিষ্কার পরিচ্ছন্ন থেকে মাস্কের সঠিক ব্যবহার করে বাচ্চাদের কাছে যেতে পারেন। বুকের

দুধ খাওয়াতে পারেন। তাতে সংক্রমণ নেওয়া নেই।”

বলা হয়, শিশুদের বেড়ে উঠতে, রোগ প্রতিরোধ ক্ষমতা গড়ে তুলতে মাতৃদুগ্ধের কোনও বিকল্প নেই। সন্তান জন্মানোর পর পরই মায়ের সঙ্গে বাচ্চার এক সঙ্গে থাকা, খানিকটা সময় কাটানো এখন বিশেষ ভাবে দেখা হয়। যাতে ভূমিষ্ঠ হওয়ার পর পরই শিশু বাইরের কোনও কিছু থেকে ভয় না পেয়ে যায়। এমন অবস্থায় মায়েরই যদি করোনা হয়, সেক্ষেত্রে তিনি কি সন্তানের কাছে যাবেন? সেটা একটা বড় প্রশ্ন হয়ে উঠেছিল। সাম্প্রতিকতম মার্কিন গবেষণা থেকে সেই ভয় কেটেছে।

গবেষণায় ১১৬ জন করোনা আক্রান্ত মায়েদের নেওয়া হয়। সন্তান জন্মানোর ২৪ ঘণ্টার মধ্যে শিশুদেরও সোয়াব টেস্ট হয়। দেখা গিয়েছে, করোনা আক্রান্ত মায়ের বুকের দুধ খাওয়া বা তাঁর সঙ্গে সময় কাটানোর পরও শিশুরা পুরোপুরি সুস্থ। সপ্তাহে দু’বার আরটি-পিসিআরে করোনা টেস্ট হয়। ১৪ দিন কাটার পর টেলিমেডিসিন চেকআপও করা হয়েছে। দেখা গিয়েছে, তখনও কেউ করোনা আক্রান্ত হয়নি। আরও জানা যাচ্ছে, জন্মের পর থেকে শিশুরা ইনকিউবেটরে মায়ের ঘরেই ছিল। এবং মায়ের সার্জিক্যাল মাস্ক পরে হাত ধুয়ে শিশুকে দুধ খাইয়েছেন। আদর করেছেন। ডায়াপারও বদলেছেন। হাসপাতাল থেকে বাড়ি ফিরে একই পথ নিয়েছেন।

নিউ ইয়র্কের উইল কর্নেল মেডিক্যাল সেন্টারের চিকিৎসক-বিজ্ঞানী ডা. ক্রিস্টিন স্যালভেটর জানিয়েছেন, “সংক্রমণ যে হারে বেড়েছে ভয় পাওয়াটা স্বাভাবিক। বিশেষ করে যাঁরা মা হচ্ছেন, তাঁরা অনেক রকম চিন্তা ভাবনার মধ্যে দিয়ে যান। এই গবেষণা অনেকখানি স্বস্তি দেবে। কারণ, মায়ের থেকে সদ্যজাতের সংক্রমণের ঘটনা এখনও অবধি প্রায় নেই বললেই চলে। তবে মাস্ক এবং পরিষ্কার-পরিচ্ছন্ন থাকাটা ভুললে চলবে না।”

ফের ভারী বৃষ্টির ইঙ্গিত

অসমের বন্যায় দুর্গত ২৭ লক্ষের বেশি

গুয়াহাটি : বন্যায় বিপর্যস্ত অসম। রাজ্যের ৩৩টি জেলার মধ্যে জলবন্দি রয়েছে ২৬টি জেলা। ক্ষতিগ্রস্ত হয়েছেন ২৭ লক্ষেরও বেশি মানুষ। অসমের ২৬ জেলায় এ যাবৎ বন্যা এবং ধসে ২৭.৮০ লক্ষ লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন। মৃত্যু হয়েছে অন্তত ১২২ জনের। বন্যা পরিস্থিতি নিয়ে অসমের মুখ্যমন্ত্রী সর্বানন্দ সোনেওয়ালের সঙ্গে কথা বলেছেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। বন্যার জলে ভেসে গিয়েছে একরের পর একর চাষের জমি। মৃত্যু হয়েছে অসংখ্য গবাদি পশুর। বন্যার জলে কাজিরাঙা ন্যাশনাল পার্ক এবং টাইগার রিজার্ভ ও পবিতরা জাতীয় উদ্যানের প্রায় ৯০ শতাংশ জলে ডুবে গিয়েছে। এখনও পর্যন্ত অসমের বন্যায় ১২৫টি প্রাণীর মৃত্যু হয়েছে। কাজিরাঙায় উদ্ধার করা হয়েছে ১৫৩টি প্রাণী। অসমে টানা ভারী বৃষ্টির জেরে অধিকাংশ নদীতে জলের মাত্রা ক্রমশ বাড়ছে। ব্রহ্মপুত্র-সহ একাধিক নদনদী বিপদসীমার উপর দিয়ে বইছে। বন্যার জলের তোড়ে এবং ধসে রাস্তাঘাট ভেঙে গিয়ে বেশ কিছু জায়গায় যানজট সৃষ্টি হয়েছে। কিছু জায়গায় বিঘ্নিত হয়েছে যানবাহন চলাচল। কোথাও বা পুরোপুরি বন্ধই রয়েছে। এর মধ্যেই ২৯ জুলাই পর্যন্ত অসমে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর।

যাবে সোমবার

বাংলাদেশকে ভারতের ইদি ১০ রেল ইঞ্জিন

নিজস্ব সংবাদদাতা, ঢাকা : ইদ উপহার হিসেবে ভারত সরকার বাংলাদেশকে ১০টি ব্রডগেজ লোকোমোটিভ (ইঞ্জিন) দিচ্ছে। ভারতীয় রেলওয়ের দেওয়া এই ইঞ্জিনগুলো আগামী সোমবার বাংলাদেশ রেলওয়ের কাছে হস্তান্তর করা হবে। রেল ইঞ্জিনগুলোকে ইদুল আজহার আগে ‘ইদ উপহার’ হিসেবে দেখছেন বাংলাদেশের রেলমন্ত্রী নূরুল ইসলাম সুজন। রেলমন্ত্রী গণমাধ্যমকে জানান, আগামী ২৭ জুলাই ভারতীয় রেলওয়ে আমাদের ১০টি ব্রডগেজ রেল ইঞ্জিন উপহারস্বরূপ দেবে। তিনি বলেন, ওদিন দুপুর আড়াইটে নাগাদ ভারতের বিদেশমন্ত্রী এবং রেলমন্ত্রী, আমাদের বিদেশমন্ত্রী ও আমি নিজে ভিডিও কনফারেন্সের মাধ্যমে একটি অনুষ্ঠানে অংশ নেব। তাঁরা দিল্লি থেকে আর আমরা ঢাকা থেকে ভিডিও কনফারেন্স করে এ ইঞ্জিন হস্তান্তর অনুষ্ঠানে অংশ গ্রহণ করবো। ভারতীয় রেল কর্তৃপক্ষ গেদে সীমান্তে আনুষ্ঠানিকভাবে ইঞ্জিনগুলো হস্তান্তর করবে বলে জানান বাংলাদেশ রেলমন্ত্রী।

বঙ্গবন্ধুর খুনি এম রাশেদ প্রত্যপর্ণের আশা

সুকুমার সরকার, ঢাকা : বঙ্গবন্ধুর খুনি, প্রাক্তন সেনা সদস্য এম রাশেদ চৌধুরীর আমেরিকায় ‘অ্যাসাইলাম’ (আশ্রয় প্রার্থনা) রায়ের নথিপত্র খতিয়ে দেখছেন মার্কিন অ্যাটর্নি জেনারেল। আর এই তৎপরতাকে রাশেদ চৌধুরীর আশ্রয় পাওয়ার মামলাটি নতুন করে চালু করার উদ্যোগ হিসেবে দেখছেন আইনজীবীরা। মার্কিন জার্নাল ‘পলিটিকো’ শুক্রবার এক প্রতিবেদনে এই তথ্য দিয়েছে।

প্রতিবেদনে রাশেদ চৌধুরীর আইনজীবীর দেওয়া তথ্যের ভিত্তিতে এই ধরনের উদ্যোগকে ‘নজিরবিহীন’ উল্লেখ করে বলা হয়েছে, ট্রাম্প প্রশাসন এই ক্ষেত্রে বাংলাদেশকে সহযোগিতা করছে। আমেরিকার অ্যাটর্নি জেনারেল যদি মামলা ফের চালু করেন এবং তাতে যদি রাশেদ চৌধুরীর আবেদন প্রত্যাখ্যাত হয়, তবে তাকে আমেরিকা থেকে বহিষ্কার করা হতে পারে। সে ক্ষেত্রে রাশেদ চৌধুরীকে বাংলাদেশে ফিরিয়ে এনে মৃত্যুদণ্ডাদেশ কার্যকর করা সহজ হবে। রাশেদ চৌধুরীকে ফেরত পেতে বাংলাদেশ বেশ কয়েক বছর ধরে জোর তৎপরতা চালিয়ে যাচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ বিষয়ে আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে চিঠি পাঠিয়েছেন। বিদেশ মন্ত্রী ডঃ এ কে আব্দুল মোমেনও মার্কিন বিদেশসচিব মাইক পম্পেওর সঙ্গে একাধিক বৈঠকে রাশেদ চৌধুরীকে ফেরত পাঠানোর দাবি তুলেছেন। এ ছাড়া দুই দেশের কূটনৈতিক পর্যায়ে আলোচনায় প্রায় নিয়মিত ইস্যু রাশেদ চৌধুরী।

বাংলাদেশ বিষয়টি এত গুরুত্বের সঙ্গে তুলেছে যে গত বছর আগস্টে ব্যাংককে এক বৈঠকে বিদেশমন্ত্রী ডঃ মোমেনকে দেখে মার্কিন বিদেশসচিব পম্পেও বলেছিলেন, ‘ডোন্ট আস্ক ইওর রাশেদ চৌধুরী (আপনাদের রাশেদ চৌধুরীর বিষয়ে জানতে চাইবেন না)।’ ডঃ মোমেন এর আগের বৈঠকেই তাঁকে বলেছিলেন, ‘আপনারা সুশাসনের, আইনের শাসনের কথা বলেন। আমি যদি আমার আদালতের রায় কার্যকর না করি তাহলে আমি আইনের শাসন কীভাবে মেনে চলব। আপনি আমাকে সাহায্য করুন।”

মানবাধিকার কমিশনে গেল রাওয়ের পরিবার

হায়দরাবাদ : একের পর এক মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ তুলছে জেল হেফাজতে থাকা কবি-সমাজকর্মী ভারভারা রাওয়ের পরিবারের। অশীতিপর কবি করোনা পজিটিভ হওয়ার পর তাঁকে সংশোধনাগার থেকে হাসপাতালে ভরতি করানো হয়েছে চিকিৎসার জন্য। কিন্তু এটুকুই। তারপর থেকে আর তাঁর কোনও খবরই পাচ্ছেন না পরিবারের সদস্যরা। চরম উদ্বেগে দিন কাটছে তাঁদের। এবার বাধ্য হয়ে জাতীয় মানবাধিকার কমিশনকে চিঠি লিখে পরিবারের আরজি, উনি কেমন আছেন, সেটুকু জানার ব্যবস্থা করে দিন। সম্প্রতি তিনি অসুস্থ হয়ে পড়ায় বারবার জেল কর্তৃপক্ষের কাছে পরিবারের তরফে আবেদন জানানো হয়েছিল, তাঁকে ন্যূনতম চিকিৎসা পরিষেবা দেওয়ার জন্য। কিন্তু তালোজা সংশোধনাগারে সেটুকুও হচ্ছে না, এই অভিযোগে সরব হন বিশিষ্টরা। পরে চাপে পড়ে তাঁর শারীরিক পরীক্ষা করানো হয়। তবে পুলিশ প্রশাসন এমন একজনের প্রতি যথারীতি কোনও সহমর্মিতা দেখায়নি।

বন্যাদুর্গত এলাকায় অস্থায়ী বাঁশের সেতু দিয়ে চলাচল। শনিবার অসমের নগাঁও জেলায়। পিটিআই চিত্র।

করোনা নেগেটিভ বোলসোনারো

আমেরিকায় আক্রান্ত ৪.১৩ মিলিয়নেরও বেশি

ওয়াশিংটন : বিশ্বজুড়ে বর্তমানে ১৫.৭ মিলিয়নেরও বেশি মানুষ কোভিড পজিটিভ। জনস হপকিন্স ইউনিভার্সিটির তরফে প্রকাশিত পরিসংখ্যান অনুযায়ী, এই সংখ্যা ১৫,৭৩৬,৪৯৯ জন। করোনায় মৃত্যু হয়েছে ৬,৩৮,৫৭৭ জনের। প্রাণঘাতী ভাইরাস মোকাবিলা করে ইতিমধ্যেই সুস্থ হয়ে উঠেছেন ৮.৯ মিলিয়নেরও বেশি মানুষ। অর্থাৎ ৮,৯৮৬,৪৭০ জন।

আগের মতোই বিশ্বে সংক্রমণের নিরিখে এখনও শীর্ষে রয়েছে আমেরিকা। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে ব্রাজিল এবং ভারত। পৃথিবীর ২১০টিরও বেশি দেশে করোনার প্রকোপ ছড়িয়ে পড়েছে। দিন দিন সংক্রামিত ও মৃতের সংখ্যা বেড়েই চলেছে।

তবে স্বস্তি জাগিয়ে এতদিনে করোনা নেগেটিভ সাব্যস্ত হয়েছেন ব্রাজিলের প্রেসিডেন্ট জাইর বোলসোনারো। শনিবার তিনি নিজেই একটি ফেসবুক পোস্টে এ কথা জানিয়েছেন। এদিকে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ‘প্রেসক্রিপশন ড্রাগস’-এর মূল্য হ্রাস সংক্রান্ত চারটি নয়া নির্দেশিকায় সই করেছেন। আমেরিকায় শুক্রবার নতুন করে করোনা আক্রান্ত হয়েছেন ৭৩,৩৬৩ জন। ফলে সেখানে মোট করোনা আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৪.১৩ মিলিয়নেরও বেশি। শুক্রবার মৃত্যু হয়েছে ১,১৪০ জনের। সবচেয়ে খারাপ অবস্থা ক্যালিফোর্নিয়া, অ্যারিজোনা, ফ্লোরিডা ও টেক্সাসে। আবার সিঙ্গাপুরে এদিন নতুন করে করোনা আক্রান্ত হয়েছেন ৫১৩ জন। সেখানে মোট সংক্রামিত বেড়ে দাঁড়াল প্রায় ৫০,০০০। পাকিস্তানে গত ২৪ ঘণ্টায় নতুন করে করোনা আক্রান্ত হয়েছেন ১,৪৮৭ জন।

মালাবার নৌ মহড়ায় মার্কিন সায় অস্ট্রেলিয়াকে নিতে

নয়াদিল্লি : ভারত-প্রশান্ত মহাসাগরীয় এলাকায় চিনা নৌবাহিনীর আধিপত্য ও দাপট বন্ধ করতে শুরু হতে চলেছে মালাবার নৌ মহড়া। আয়োজক ভারতীয় নৌবাহিনী। তাতে অংশ নিচ্ছে চতুঃশক্তি জোট। এই জোটের চার সদস্য দেশ হল, আমেরিকা, জাপান, ভারত ও অস্ট্রেলিয়া। আগামী কয়েক সপ্তাহের মধ্যেই মালাবার নৌ মহড়া শুরু হতে চলেছে। তার আগে চূড়ান্ত রূপরেখা তৈরি হচ্ছে। আগেই ঠিক ছিল, ভারত, জাপান ও আমেরিকার নৌবাহিনী এতে অংশ নেবে। পরে জল্পনা চলছিল দক্ষিণ কোরিয়ার নৌবাহিনী এতে অংশ নিতে পারে। কিন্তু ভারতের পক্ষ থেকে বার বার জোর দেওয়া হচ্ছিল, অস্ট্রেলিয়াকে আমন্ত্রণ জানাতে। কারণ অস্ট্রেলিয়ার নৌবাহিনী প্রশান্ত মহাসগারীয় এলাকায় খুবই শক্তিশালী এবং সক্রিয়। চিনা দাপট খর্ব করাই যদি লক্ষ্য হয় তাহলে অস্ট্রেলিয়ার নৌবাহিনী ছাড়া নৌ মহড়া অসম্পূর্ণ থেকে যাবে। তাছাড়া এ ব্যাপারে ফোনে কথাও হয়েছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিসনের সঙ্গে। ভারত আগ্রহ প্রকাশ করায় জাপান এবং আমেরিকাও সায় দিয়েছে অস্ট্রেলিয়াকে নৌ মহড়ায় আমন্ত্রণ জানাতে। নৌ মহড়ায় অংশ নিতে সম্মতি জানিয়েছে অস্ট্রেলিয়ার নৌবাহিনীও। মার্কিন উপ বিদেশসচিব স্টিভেন বিগান বলেছেন, ‘‘চিনের সঙ্গে চলতি সংঘাতের পরিস্থিতিতে মালাবার নৌ মহড়া খুবই গুরুত্বপূর্ণ। অস্ট্রেলিয়ার নৌবাহিনী এই মহড়ায় যোগ দিলে বাকি দেশগুলি লাভবান হবে। ভারত নৌ মহড়ায় যোগ দিতে অস্ট্রেলিয়াকে আমন্ত্রণ জানানোয় আমেরিকা খুশি।’’ উল্লেখ্য, ২০১৮ সালের জুন মাসে ফিলিপিন্স সাগরে মালাবার নৌমহড়ায় অংশ নিয়েছিল ভারত, আমেরিকা, জাপান ও সিঙ্গাপুর। ১৯৯২ সালে থেকে প্রতি বছরই এই নৌ মহড়ায় অংশ নিচ্ছে ভারত ও আমেরিকা। ভারতের মালাবার উপকূল এলাকার নামে এই নৌ মহড়ার নামকরণ করা হয়েছে। দক্ষিণ চিন সাগর, প্রশান্ত মহাসাগর ও ভারত মহাসাগরে চিনা নৌবাহিনীর দাপট এবং দাদাগিরি বন্ধ করাই এই নৌ মহড়ার উদ্দেশ্য।

২৬/১১ মুম্বই হামলার চক্রী তাহাউর রাণার জামিন খারিজ

ওয়াশিংটন : জামিন পেলে পালিয়ে যেতে পারে। এই আশঙ্কার জেরে ২৬/১১ মুম্বই হামলার ঘটনায় অন্যতম অভিযুক্ত তাহাউর রাণার জামিন খারিজ করে দিল আমেরিকার একটি আদালত। লস অ্যাঞ্জেলসের ওই আদালতে ১৫ লক্ষ মার্কিন ডলারের (অর্থাৎ ভারতীয় মুদ্রায় ১১ কোটি ২০ লক্ষ টাকা) বিনিময়ে জামিন চেয়েছিল তাহাউর। কিন্তু মার্কিন সরকার ওই জামিনের আবেদনের বিরোধিতা করে। অ্যাসিস্ট্যান্ট ইউএস অ্যাটর্নি জন জে লুলেজিয়ান আদালতে বলেন, ‘‘যে পরিমাণ টাকাই জমা রাখা হোক না কেন, তা আদালতে রাণার উপস্থিতি নিশ্চিত করে না। তাকে জামিন দিলে আমেরিকার বিদেশ নীতিতে অস্বস্তিকর পরিস্থিতি তৈরি হবে। এর ফলে ভারতের সঙ্গে আমেরিকার কূটনৈতিক সম্পর্কে চাপ দেখা দিতে পারে।’’

প্রসঙ্গত, পাক বংশোদ্ভূত কানাডার ব্যবসায়ী তাহাহুর হুসেন রাণা, ২৬/১১ মুম্বই হামলার অন্যতম অভিযুক্ত ডেভিড কোলম্যান হেডলির দীর্ঘ দিনের বন্ধু। হেডলির মতো রাণাও ২৬/১১ মুম্বই হামলার ঘটনার অন্যতম চক্রী ছিল।

গত ১০ জুন ওই নাশকতার ঘটনাতেই ফের রাণাকে গ্রেফতার করা হয় আমেরিকায়। রাণাকে হাতে পাওয়ার জন্য ওয়াশিংটনের সঙ্গে কথাও চালাচ্ছে নয়াদিল্লিও। এই পরিস্থিতিতে লস অ্যাঞ্জেলসের ওই আদালতে জামিনের আবেদন করেছিল রাণা। কিন্তু আদালত মনে করে, যেহেতু তাহাউরের বিরুদ্ধে ভারতে হত্যার ষড়যন্ত্র এবং হত্যার মতো মামলা ঝুলছে, তাই বন্দি প্রত্যর্পণ এড়াতে তার পালিয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে।

কোর্ট জানিয়েছে, রাণার সঙ্গে কানাডার তাৎপর্যপূর্ণ যোগাযোগ রয়েছে। তাকে ভারতের হাতে তুলে দেওয়া হলে সেখানে তার অপরাধের জন্য প্রাণদণ্ড পর্যন্ত হতে পারে। আর এই কারণের জন্যই সে পালাতেও পারে।

বিশ্বখ্যাত কাশ্মীরি জাফরান পেল জি আই ট্যাগ

শ্রীনগর : জাফরান একটি অত্যন্ত মূল্যবান এবং ব্যয়বহুল পণ্য। এর মধ্যে কাশ্মীরের জাফরান মশলা হিসাবে জগৎবিখ্যাত। কাশ্মীরে উৎপাদিত এই জাফরানকে এবার তার বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে জিওগ্র্যাফিক্যাল ইন্ডিকেশন (জিআই) ট্যাগ দেওয়া হয়েছে। স্বীকৃতিটি আনুষ্ঠানিকভাবে জিআই জার্নালে প্রকাশিত হয়েছে। যা কাশ্মীরের এই ব্র্যান্ডকে বিশ্ব মানচিত্রে তুলে ধরার ক্ষেত্রে ঐতিহাসিক পদক্ষেপ বলে মন্তব্য করেছেন লেফটেন্যান্ট গভর্নর গিরীশ চন্দ্র মুর্মু।

সরকারি সূত্রে জানা গিয়েছে, কাশ্মীরের জাফরানকে জিআই রেজিস্ট্রেশন সার্টিফিকেট দিয়েছে কেন্দ্র। কেন্দ্রশাসিত কাশ্মীরের দায়িত্ব গ্রহণ করার পরেই এ বিষয়ে উদ্যোগী হয়েছিলেন লেফটেন্যান্ট গভর্নর। কাশ্মীরে সবেচেয়ে বেশি জাফরান উৎপাদন হয় পাম্পোরে। ন্যাশনাল মিশন ফর স্যাফরনের (এনএমএস) উদ্যোগে সেখানে এবার জাফরানের ব্যাপক ফলন হয়েছে। এই প্রকল্পের অধীনে কেন্দ্র ৪১১ কোটি টাকা বরাদ্দ করেছে। ৩,৭১৫ হেক্টর জুড়ে চাষ হচ্ছে জাফরানের। সরকারি সূত্রে বলা হচ্ছে, জিআই ট্যাগ পাওয়ায় এবার কাশ্মীরের জাফরানের ভেজাল হওয়ার হার কমবে। তাতে আসল বিক্রেতারা ভাল দাম পাবেন। কাশ্মীরের জাফরানের অনন্য বৈশিষ্ট্যগুলি হল, প্রথমত ১,৬০০ মিটার উচ্চতায় জন্মায়। এছাড়াও এর প্রাকৃতিক গাঢ় লাল রঙ, তীব্র গন্ধ, তিক্ত স্বাদ, রাসায়নিক মুক্ত প্রক্রিয়াজাতকরণ এবং বৈচিত্র্য।

শ্রীনগরে গুলির লড়াই, খতম ২

শ্রীনগর : করোনা আবহেও সন্ত্রাসে লাগাম পরানো যাচ্ছে না। জঙ্গিদের নাশকতামূলক কার্যকলাপ রুখতে লাগাতার অভিযানও চালাচ্ছে যৌথবাহিনী। মিলছে সাফল্য। এমন পরিস্থিতিতে শনিবার ভোররাতে শ্রীনগর সংলগ্ন এলাকায় গুলির লড়াই শুরু হয়। বেলার দিকে দুই জঙ্গির খতম হওয়ার খবর মিলেছে। বাকিদের খোঁজে তল্লাশি চলছে বলে খবর। শ্রীননগর সংলগ্ন এলাকা রণবীরগড়ে কয়ে